

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
“সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

নং-৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০৪.১৯/১৯৪


তারিখঃ ০২/০৬/২০২০ খ্রিঃ।

কার্যালয় স্বারক

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তর সমন্বিত পদ্ধতিতে প্রাণিসম্পদ উৎপাদন ব্যবস্থাপনার মাধ্যমে সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দারিদ্র বিমোচন ত্বরান্বিতকরণ ও খাদ্য নিরাপত্তার উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারের অগ্রাধিকার কার্যক্রম হিসাবে “সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প” শিরোনামের প্রকল্পের মাধ্যমে কাজ করেছে। উল্লিখিত প্রকল্পের সফলভোগীদের তালিকা ও ডাটাবেইজ তৈরীর লক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে তালিকা হতে প্রাপ্ত তথ্য ও প্রকল্প দপ্তর হতে নিয়োগপ্রাপ্ত গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সরজমিনে সংগৃহীত **Benchmark with Baseline** সার্ভের তথ্য পরিসংখ্যানগত বিশ্লেষণ পূর্বক প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত সফলভোগীদের চলমান কার্যক্রমের খসড়া ডাটাবেইজ প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইটে উপস্থাপন করা হল।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সহ সংশ্লিষ্ট সকলকে, তাঁদের মূল্যবান মতামত/পরামর্শ/সংযোজন/বিয়োজন সংক্রান্ত তথ্য জরুরী ভাবে আগামী ৭ দিনের মধ্যে [pddt1p@gmail.com](mailto:pddt1p@gmail.com) ইমেইলে ও ডাকযোগে প্রেরণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানানো হল।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ



ড. অসীম কুমার দাস

প্রকল্প পরিচালক

“সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ।

অনুলিপিঃ কার্যার্থে

- ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।
- ২। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।
- ২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

অনুলিপিঃ জ্ঞাতার্থে

- ১। জেলা প্রশাসক,.....।
- ২। উপজেলা পরিষদ চেয়ারম্যান,.....।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....।